

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৯৬

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ -আলী ইবনু আবৃ ত্বালিব (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ الثَّنِ (بَابِ مَنَاقِبِ عَلَيِّ بن أبي طَالب)

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَنَا دَارُ الْحِكْمَةِ وَعَلِيُّ بَابُهَا» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَقَالَ: رَوَى بَعْضُهُمْ هَذَا الْحَدِيثَ عَنْ شَرِيكٍ وَلَمْ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا الْحَدِيثَ عَنْ أَحَدٍ مِنَ التِّقَاتِ غَيْرَ شَرِيكٍ يَذْكُرُوا فِيهِ عَنِ الصَّنَابِحِيِّ وَلَا نَعْرِفُ هَذَا الْحَدِيثَ عَنْ أَحَدٍ مِنَ التِّقَاتِ غَيْرَ شَرِيكٍ

اسناده ضعیف ، رواه الترمذی (3723) * شریک القاضی مدلس و عنعن ولم یثبت تصریح سماعه فی هذا الحدیث و للحدیث شواهد ضعیفة ۔

(ضَعِيف)

বাংলা

৬০৯৬-[১০] উক্ত রাবী ['আলী (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আমি বিদ্যার ঘর আর 'আলী হলেন সে গৃহের দরজা।

[ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি গরীব।
তিনি আরো বলেছেন, কোন কোন বর্ণনাকারী হাদীসটি শারীক নামক বর্ণনাকারী হতে বর্ণনা করেছেন। তারা তাতে
সুনাবিহী বর্ণনাকারীর নাম উল্লেখ করেননি এবং শারীক ছাড়া অন্য কোন নির্ভরযোগ্য বর্ণনাকারী হতে এ হাদীস
আমরা জানতে পারিনি।]

ফুটনোট

যঈফ: তিরমিয়ী ৩৭২৩, য'ঈফুল জামি ৬০৮৭, হিলইয়াতুল আওলিয়া ১/৬৪; কারণ সনদে শারীক আছে আর তার মুখস্থশক্তি দুর্বল, হিদায়াতু রুওয়াত ৫/৪২৭।



ব্যাখ্যা

त्राখ्যा: (أَنَا دَارُ الْحِكْمَةِ) অন্য বর্ণনায় আছে, (أَنَا دَارُ الْحِكْمَةِ) মাসাবীহ-এর অন্য একটি বর্ণনায় এসেছে, (أَنَا دَارُ الْحِكْمَةِ) অর্থাৎ আমি 'ইলমের ঘর আর 'আলী (রাঃ) হলো তার দরজা। অন্য আরেকটি বর্ণনায় অতিরিক্ত এসেছে,(فَمَنْ أَرَادَالْعِلْمَ فَلْيَأْتِهِ مِنْ بَابِهِ) অর্থাৎ যে 'ইলম চায় সে যেন তার কাছে তার দরজা দিয়ে আসে। এর অর্থ হলো, 'আলী (রাঃ) তার দরজাসমূহ থেকে একটি দরজা। তবে এখানে নির্দিষ্ট করা মানে এক প্রকার সম্মান দেয়া। তাঁর দিকে সম্পৃক্ত করার কারণ হলো তিনি কতিপয় সাহাবীর চেয়ে

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

বেশি সম্মানিত ও জ্ঞানী ছিলেন। (মিরকাতুল মাফাতীহ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন